



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা।  
www. dshe. gov. bd

স্মারক নং : ৩৭.০২.০০০০.১০৪.৯৯.০১১.২০১৮- ৬৬

তারিখ : ১৮/০১/২০২০ খ্রিঃ।

বিষয় : শ্রেণিকৃত ঋণ আদায়ে সহযোগিতা প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে, সোনালী ব্যাংক লিমিটেড চিলাহাটি, নীলফামারী শাখার শ্রেণিকৃত ঋণ গ্রহীতা জনাব লুৎফর রহমান (সাবেক প্রভাষক, সমাজ বিজ্ঞান বিভাগ) বর্তমান পেশাগত কর্মস্থল দিনাজপুর সরকারি কলেজ, দিনাজপুর। স্থায়ী ঠিকানা গ্রামঃ ভোমরাদহ, ডাকঘর : রিয়াজবাগ, উপজেলা : পীরগঞ্জ, জেলা : ঠাকুরগাঁও এর নিজ নামে অত্র শাখায় একটি কনজুমার্স (পার্সোনাল) ঋণ আছে। গত ০৩.১১.২০১০ ইং তারিখে বরাদ্দকৃত ঋণের পরিমাণ=১,০০,০০০/- (একলক্ষ) টাকা। ঋণ হিসাবটির বিপরীতে বর্তমান বকেয়ার পরিমাণ=২,৫৭,৭০৪/- (দুইলক্ষ সাতান্ন হাজার সাতশত চার) টাকা। সে প্রেক্ষিতে বর্ণিত কর্মকর্তাকে ঋণ পরিশোধের জন্য তাগাদা পত্র দেয়া হলেও অদ্যাবধি তিনি ঋণ পরিশোধ করেননি মর্মে তাঁর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য নীলফামারী শাখা সোনালী ব্যাংক ম্যানেজার অত্র অধিদপ্তরে মহাপরিচালক বরাবর আবেদন করেছেন।

এমতাবস্থায়, বর্ণিত কর্মকর্তার ঋণ আদায়ে সহযোগিতা করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
মোহাম্মদ দেলোয়ার হোসেন-১৬৬৩৭  
সহকারী পরিচালক (কলেজ-২)  
ফোন : ৯৫৬০২৬৩

অধ্যক্ষ  
দিনাজপুর সরকারি কলেজ  
দিনাজপুর।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো:

- ১। ম্যানেজার, সোনালী ব্যাংক লিমিটেড, চিলাহাটি শাখা, নীলফামারী।
- ২। সংরক্ষণ কপি।